

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ভবন, রমনা, ঢাকা-১০০০
www.wewb.gov.bd

নং-৪৯.০৪.০০০০.০০৪.১৮.১১৬.১৮- ৪২৬

তারিখ: ২৬ ফেব্রুয়ারি ২০১৯

বিষয় : ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ডের জানুয়ারি ২০১৯ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি
মহাপরিচালক (অতিরিক্ত সচিব), ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ড।

স্থান : ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ড এর সম্মেলন কক্ষ।

তারিখ ও সময় : ১১ ফেব্রুয়ারি ২০১৯, সময় : সকাল- ১০.০০ টা।

উপস্থিতি : পরিশিষ্ট “ক”।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর, সভাপতির অনুমতিক্রমে পরিচালক (অর্থ ও কল্যাণ) গত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং বিগত সভার কার্যবিবরণীর ৪ (খ) এ গৃহীত সিদ্ধান্তে উল্লিখিত বিটিসিএল শব্দটির পরিবর্তে বিটিআরসি শব্দ প্রতিস্থাপনপূর্বক সংশোধনী আনা হয়েছে। সভায় কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হওয়ায় তা দৃষ্টিকরণ করা হয়। বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা হয় এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

ক্রম	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
১.০	আর্থিক অনুদান ও ক্ষতিপূরণ সংক্রান্ত নির্ধারিত “ছক” এ প্রদত্ত তথ্যের উপর আলোচনা।	প্রবাসী কর্মীর পরিবারকে ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান ও বিদেশস্থ নিয়োগকর্তার নিকট হতে প্রদত্ত মৃত্যুজনিত ক্ষতিপূরণ, বকেয়া বেতন ও অন্যান্য পাওনাদি বিতরণ সংক্রান্ত নির্ধারিত “ছক” অনুযায়ী বিগত জানুয়ারি ২০১৯ মাসের প্রাপ্ত তথ্যের উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে প্রাপ্ত কেইসের চেয়ে নিষ্পত্তির পরিমাণ আরো বৃদ্ধি করার বিষয়ে গুরুত্বারোপ করেন।	প্রাপ্ত কেইসের চেয়ে নিষ্পত্তির পরিমাণ আরো বৃদ্ধি করতে হবে।	পরিচালক (অর্থ ও কল্যাণ) ও পরিচালক (আইআরপি)
২.০	মৃতের পরিবারের অনুকূলে মঞ্জুরীকৃত অর্থ ইএফটি (EFT) এর মাধ্যমে প্রদান।	ইএফটির মাধ্যমে মৃতের পরিবারের একাউন্টে সরাসরি মঞ্জুরীকৃত অর্থ প্রদানের লক্ষ্যে মোবাইলে প্রাপ্ত মেসেজ অনুযায়ী প্রদত্ত অর্থ প্রাপ্তিতে বিলম্বিত হয় মর্মে মৃতের পরিবারের নিকট হতে জানা যায়। মহাপরিচালক বিলম্বিত হওয়ার কারণ জানতে চাইলে হিসাবরক্ষণ কর্মকর্তা বলেন, ইএফটির মাধ্যমে অর্থ প্রেরণ সংক্রান্ত ব্যাংকে এ্যাডভাইজ প্রেরণ করা হলে সংশ্লিষ্ট একাউন্টে অর্থ স্থানান্তরিত হতে ২/৩ দিন সময় লেগে যায় এবং ফাইল আপ-ডাউনেও আরো ২/৩ দিন সময় লাগে। মহাপরিচালক এ বিষয়ে অসন্তোষ প্রকাশ করেন এবং ৩ দিনের মধ্যে মঞ্জুরীকৃত অর্থ মৃতের পরিবারের একাউন্টে পৌঁছানোর প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের বিষয়ে নির্দেশনা প্রদান করেন।	ইএফটির মাধ্যমে মৃতের পরিবারের একাউন্টে সরাসরি মঞ্জুরীকৃত অর্থ ৫ (পাঁচ) দিনের মধ্যে পৌঁছাতে হবে।	পরিচালক (অর্থ ও কল্যাণ), পরিচালক (আইআরপি), সিস্টেম এ্যানালিস্ট ও হিসাবরক্ষণ কর্মকর্তা

